



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

2 March 2026

7:35 AM IST

=====

রাজ্যের কৃষকদের মধ্যে নব জাগরণের সৃষ্টি হয়েছে। রাজ্যের কৃষিমন্ত্রী অতুল বরা গতকাল খানাপারার কৃষি সঞ্চালকালয় প্রাঙ্গণের মাঠে অনুষ্ঠিত ২৫ তম রাজ্য কৃষি উদ্যান শস্য মেলার সমাপ্তী অনুষ্ঠানে অংশ গ্রহন করে কৃষি ও উদ্যান শস্য ক্ষেত্রের অগ্রগতি এবং কৃষি ক্ষেত্রে যান্ত্রিকীকরণ, আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে রাজ্যের কৃষিক্ষেত্রে আশার সঞ্চার হয়েছে বলে মত প্রকাশ করেন।

কৃষি মন্ত্রী শ্রীবরা আরো বলেন -----

বাইট

আসন্ন বিধানসভা নির্বাচনের পূর্বে গুয়াহাটী মহানগরীর পাহাড়েও বসবাস করা স্থানীয় লোকেদের জমির পাট্টা প্রদান করা হবে বলে রাজস্ব মন্ত্রী কেশব মহন্ত জানিয়েছেন। গতকাল গুয়াহাটীতে আয়োজিত এক অনুষ্ঠানে মন্ত্রী শ্রীমহন্ত জানান যে পাহাড়ের স্থানীয় লোকেদের জমির পাট্টা প্রদানের

বিষয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা হয়েছে এবং পরবর্তী রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এ বিষয়ে প্রস্তাব গ্রহন করা হবে । মন্ত্রী শ্রীমহন্ত আরো জানান----
বাইট

ভারতীয় জনতা পার্টির পক্ষ থেকে রাজ্যে আরম্ভ করা জন আশীর্বাদ যাত্রার গতকাল দ্বিতীয় দিন জাগীরোড থেকে আরম্ভ হওয়া কার্যসূচীতে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা অংশগ্রহণ করেন । জাগীরোডে বিভিন্ন জাতি জনগোষ্ঠীর পরম্পরাগত নৃত্য গীতের মাধ্যমে এই কার্যসূচী অনুষ্ঠিত হয় । জন আশীর্বাদ যাত্রা নিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন -----

---বাইট---

এদিকে বিজেপির মিত্রদল অসম গণ পরিষদও গতকাল মধ্য গুয়াহাটীতে সংকল্প সমারোহের আয়োজন করে । এই সমারোহে দলের সভাপতি অতুল বরা ,কার্যকরী সভাপতি কেশব মহন্ত সহ বেশকয়েকজন প্রবীণ নেতা উপস্থিত ছিলেন ।

আসাম প্রদেশ কংগ্রেস কমিটি নাহরকাটীয়াতে গতকাল সময় পরিবর্তন যাত্রা কার্যসূচীর আয়োজন করে । এই কার্যসূচীতে আসাম প্রদেশ কংগ্রেসের সভাপতি তথা সাংসদ গৌরব গগৈ , বিধায়ক দেবব্রত শইকিয়া সহ বেশ কয়েকজন প্রবীণ কংগ্রেস নেতা অংশগ্রহণ করেন ।

এদিকে রাইজর দলের সভাপতি অখিল গগৈ আসন্ন বিধানসভা নির্বাচনে শিবসাগর বিধানসভা কেন্দ্র থেকে পুনরায় প্রতিদ্বন্দিতা করার বিষয়টি নিশ্চিত করে ওই কেন্দ্র থেকে প্রচার অভিযান শুরু করেছেন ।

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ সব জেলার বিদ্যালয় পরিদর্শককে একাদশ শ্রেণীতে নামভর্তির জন্য আবেদন করা সকল শিক্ষার্থীদের

বাধ্যতামূলক আধার বায়োমেট্রিক আপডেট করার বিষয়টি নিশ্চিত করতে নির্দেশ দিয়েছে। ভারতীয় অনন্য পরিচয় জ্ঞাপক কর্তৃপক্ষ, ইউ আই ডি এ আইর আঞ্চলিক কার্যালয়ের পক্ষ থেকে লাভ করা পত্রের ভিত্তিতে পর্ষদ এই নির্দেশ জারী করেছে। পর্ষদের নির্দেশ অনুসারে ৫ থেকে ১৫ বছর এবং এর উর্দে সব ছাত্র ছাত্রীদের বায়োমেট্রিক আপডেট করা বাধ্যতামূলক। এছাড়াও এবারের শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণীতে নামভর্তি করতে ইচ্ছুক ছাত্র ছাত্রীদের দর্পণ পোর্টালে পঞ্জীয়ন করার সময়ে বায়োমেট্রিক আপডেট করার বিষয়টি নিশ্চিত করতে বলা হয়েছে।

শ্রীভূমি শহরের করিমগঞ্জ কলেজে গতকাল জেলা স্তরের যুব সংসদ অনুষ্ঠিত হয়েছে। মেরা যুব ভারত-এর উপ-সঞ্চালক মেহেবুব আলম লস্করের পৌরহিত্যে আয়োজিত যুব সংসদে প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। যুব সংসদে শ্রীভূমি ও হাইলাকান্দি জেলার বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা অংশগ্রহন করেন। যুব সংসদে আলোচ্য বিষয় ছিল-ভারতে জরুরী অবস্থার ৫০ বছর, গণতন্ত্রের জন্য শিক্ষণীয় দিক।
